## 103933 - যে ব্যক্তি তার শ্যালককে বলেছে: আপনার বোনকে তালাক্ব; এই তালাক্ব কি পতিত হবে?

### প্রশ্ন

যদি আমার স্বামী আমার ভাইকে বলে: “আপনার বোনকে তালাক্ব” এই তালাক্ব কি পতিত হবে?

### প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যদি স্বামী তার শ্যালককে বলে: আপনার বোনকে তালাক্ব এবং তার উদ্দেশ্য হচ্ছে: তার স্ত্রী; এটি এই কথার মত: আমার বউ তালাক্ব বা আমার স্ত্রী তালাক্ব। অতএব, তালাক্ব পতিত হবে। তালাক্ব পতিত হওয়ার জন্য স্ত্রীর সামনে তালাক্ব দেয়া কিংবা স্ত্রীকে শুনিয়ে তালাক্ব দেয়া শর্ত নয়। দেখুন: 31778 নং প্রশ্নোত্তর।

এই কথার মাধ্যমে এক তালাক্ব পতিত হবে। অতএব, স্বামী ইদ্দতকালীন সময়ের মাধ্যমে স্ত্রীকে ফিরিয়ে নিতে পারবেন; যদি এটি প্রথম তালাক্ব বা দ্বিতীয় তালাক্ব হয়।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।